

ছাত্রদলের কাউন্সিল : অভিযোগ ওঠা প্রার্থীদের ডাকার সিদ্ধান্ত

নিজস্ব প্রতিবেদক

২৫ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ২৫ আগস্ট ২০১৯ ০৮:৫৮



ছাত্রদলের শীর্ষ দুই পদের জন্য মনোনয়নপত্র জমাদানকারীদের মধ্যে যাদের বিরুদ্ধে বিবাহিত বলে অভিযোগ উঠেছে তাদের ডাকবে এ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি। একই সঙ্গে এ বিষয়ে আরও নিশ্চিত হতে সংশ্লিষ্ট জেলা বা মহানগর বিএনপি, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের সভাপতি ও সাধারণ সম্পাদকের কাছ থেকে তদন্তসাপেক্ষে লিখিত প্রতিবেদন নেওয়া হবে। গতকাল শনিবার প্রার্থিতা চূড়ান্ত করার অংশ হিসেবে বৈঠক করে ছাত্রদলের সাবেক সভাপতি ফজলুল হক মিলনের নেতৃত্বাধীন যাচাই-বাছাই কমিটি। গত বৃহস্পতিবারও এ কমিটির বৈঠকে ২১ জনের বিরুদ্ধে বিয়ের অভিযোগপত্র আসে।

এ কমিটির দায়িত্বপ্রাপ্ত এক নেতা বলেন, যাদের বিরুদ্ধে বিবাহিত বলে অভিযোগ উঠেছে তাদের মধ্যে ৮-৯ জনের ব্যাপারে নিশ্চিত হওয়া গেছে। তাদের ডেকে বক্তব্য নেব। পাশাপাশি আমরা ওই নেতাদের বিষয়ে সংশ্লিষ্ট জেলা বিএনপির সভাপতি ও সাধারণ সম্পাদকের কাছ থেকেও তথ্য নেব। জেলা যুবদল ও স্বেচ্ছাসেবক দলের অধিকাংশ সভাপতি ও সাধারণ সম্পাদক আগে ছাত্রদলের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন, ফলে তাদের কাছ থেকেও তথ্য নেওয়া হবে। ওই নেতা আরও বলেন, প্রার্থীদের শিক্ষাগত বিষয়টি দেখতে কয়েক নেতাকে দায়িত্ব দেওয়া হয়েছে যাচাই-বাছাই কমিটির পক্ষ থেকে। এর মধ্যে ছাত্রদলের সাবেক নেতা এবিএম মোশাররফ হোসেনকে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সামসুজ্জামান সুরুজকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। আজ রবিবার থেকে তারা কাজ করবেন।

যাচাই-বাছাই কমিটির আরেক নেতা বলেন, বিবাহিতের বাইরে আরও পাঁচটি বিষয় নিয়ে কাজ করছি। এর মধ্যে রয়েছে এসএসসি-২০০০, শিক্ষাবর্ষ ১৯৯৮-৯৯, বর্তমানেও ছাত্রত্ব আছে, কমপক্ষে স্নাতক পাস এবং জাতীয় পরিচয়পত্র। ডিজিটাল পদ্ধতিতে এসব যাচাই-বাছাই করা হচ্ছে।

advertisement